# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ,ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোন ঃ ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৬৬৬৩৩৩৩, E-mail : chairmanbisemym@gmail.com, www.mymensingheducationboard.gov.bd


স্মারক নং : ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/ ১৫৩ তারিখঃ ২৪/০৯/২০২৪খ্রি.

## এইচএসসি পরীক্ষা-২০২৪ এর অব্যয়িত ফি ফেরত প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এইচএসসি পরীক্ষা-২০২৪ এর স্থগিত পরীক্ষাসমূহ গত ২০/০৮/২০২৪ তারিখে বাতিল ঘোষণা করা হয়।এমতাবস্থায়, যে সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে উক্ত বিষয়সমূহ ব্যতীত অবশিষ্ট বিষয়সমূহের জন্য পত্র প্রতি (তত্ত্বীয়) উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত অর্থ ও ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির গত ১৮/০৯/২০২৪ তারিখের ১৯২ তম সভায় পরীক্ষার্থীদের ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**২০২৪ সালের এইচএসসি পরীক্ষার অব্যয়িত ফি ফেরত প্রদান:**

**(ক) বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরতঃ** ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছিল তাদের প্রবেশপত্রে উল্লিখিত প্রতিটি পত্রের জন্য বোর্ড কর্তৃক ধার্যকৃত উত্তরপত্র মূল্যায়ন ফি পত্রপ্রতি (তত্ত্বীয়) ৪০.০০ (চল্লিশ)টাকা করে ফেরত প্রদান করা হবে।

বোর্ড কর্তৃক ফেরতকৃত অর্থ সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিজ নিজ প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে। পরীক্ষার্থী নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে বোর্ড প্রদত্ত অব্যয়িত অর্থ গ্রহণ করবে।

**(খ) কেন্দ্র কর্তৃক পরীক্ষার্থীকে ফেরতঃ** ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছিল তাদের প্রবেশপত্রে উল্লিখিত (আইসিটি ব্যতীত) সকল ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্র প্রতি ৪৫.০০(পয়তাল্লিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে। পরীক্ষার্থী ব্যবহারিক ফি বাবদ অব্যয়িত উক্ত অর্থ নিজ প্রতিষ্ঠান হতে গ্রহণ করবে।

**(গ) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্রকে প্রদানঃ** শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট কেন্দ্রকে প্রদান করবে। কেন্দ্র উক্ত অর্থ পরীক্ষা পরিচালনা, পরীক্ষার গোপনীয় মালামাল বোর্ডে জমাদানসহ পরীক্ষা সংশ্লিষ্ট প্রশাসনিক কাজে ব্যয় করবে।

### নিম্নে অব্যয়িত ফি ফেরত প্রদান সংক্রান্ত নমুনা প্রদত্ত হলো-

(১) বিজ্ঞান বিভাগের নিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে

**বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরতঃ** ৬ পত্র **X** ৪০.০০(তত্ত্বীয়)= ২৪০.০০ টাকা।

[ এইচএসসি-২০২৪ পরীক্ষার যে সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে উক্ত বিষয়সমূহ ব্যতীত অবশিষ্ট বিষয়সমূহের জন্য পত্রপ্রতি (তত্ত্বীয়)উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত ৪০.০০(চল্লিশ) টাকা ফেরত প্রদান করা হবে।]

**কেন্দ্র কর্তৃক পরীক্ষার্থীকে ফেরতঃ** কেন্দ্র কর্তৃক ০৮ পত্রের ব্যবহারিক (আইসিটি ব্যতীত) ফি ৪৫.০০ **X** ৮ = ৩৬০.০০ টাকা।

[ প্রবেশ পত্রে উল্লিখিত (আইসিটি ব্যতীত) সকল ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্রপ্রতি ৪৫.০০(পয়তাল্লিশ) টাকা করে ফেরত পাবে।]

**বিশেষ দ্রষ্টব্য:** কোন প্রতিষ্ঠান ব্যবহারিক পরীক্ষার ফি ইতোমধ্যে কেন্দ্রে প্রেরণ করে থাকলে উক্ত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কেন্দ্র কর্তৃক ফেরত পাঠাতে হবে।পরীক্ষার্থীরা নিজ প্রতিষ্ঠান হতে উক্ত অর্থ গ্রহণ করবে।

### (২) <u>ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগের নিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে</u>

**বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত:** ৬ পত্র **X** ৪০.০০ (তত্ত্বীয়)=২৪০.০০ টাকা।
(এইচএসসি-২০২৪ পরীক্ষার যে সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে উক্ত পরীক্ষাসমূহ ব্যতীত অবশিষ্ট বিষয়সমূহের জন্য পত্রপ্রতি (তত্ত্বীয়) উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত ৪০.০০(চল্লিশ) টাকা ফেরত প্রদান করা হবে।]

**কেন্দ্র কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত:** পরীক্ষার্থীর প্রবেশপত্রে উল্লিখিত (আইসিটি ব্যতীত) সকল ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্রপ্রতি ৪৫.০০(পয়তাল্লিশ) টাকা করে ফেরত পাবে।

**বিশেষ দ্রষ্টব্য:** কোন প্রতিষ্ঠান ব্যবহারিক পরীক্ষার ফি ইতোমধ্যে কেন্দ্রে প্রেরণ করে থাকলে উক্ত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কেন্দ্র কর্তৃক ফেরত পাঠাতে হবে। পরীক্ষার্থীরা নিজ প্রতিষ্ঠান হতে উক্ত অর্থ গ্রহণ করবে।

### (৩) <u>অনিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে (বিজ্ঞান,ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগ)</u>

**বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত:** এইচএসসি-২০২৪ পরীক্ষার যে সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে উক্ত বিষয়সমূহ ব্যতীত পরীক্ষার্থীর প্রবেশপত্রে উল্লিখিত বিষয়/বিষয়সমূহের জন্য পত্রপ্রতি (তত্ত্বীয়) উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত ৪০.০০(চল্লিশ) টাকা ফেরত পাবে।
**কেন্দ্র কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত:** পরীক্ষার্থীর প্রবেশপত্রে উল্লিখিত (আইসিটি ব্যতীত) সকল ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্রপ্রতি ৪৫.০০(পয়তাল্লিশ) টাকা করে ফেরত পাবে।

**বিশেষ দ্রষ্টব্য:** কোন প্রতিষ্ঠান ব্যবহারিক পরীক্ষার ফি ইতোমধ্যে কেন্দ্রে প্রেরণ করে থাকলে উক্ত অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কেন্দ্র কর্তৃক ফেরত পাঠাতে হবে। পরীক্ষার্থীরা নিজ প্রতিষ্ঠান হতে উক্ত অর্থ গ্রহণ করবে।

প্রাপকঃ

সংশ্লিষ্ট সকল।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৪/০৯/২০২৪

(প্রফেসর মো: সামছুল ইসলাম)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।
ফোনঃ ০২-৯৯৭৭১০৪৪৪
E-mail: conbisemym@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা;
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা;
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর,শিক্ষা ভবন,ঢাকা;
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৫. জেলা প্রশাসক, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা ;
৬. মাননীয় শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা;
৭. উপ-পরিচালক(হিসাব ও নিরীক্ষা),মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৮. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।
৯. উপজেলা নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
১০. সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
১১. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা;
১২. মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
১৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
১৪. অফিস কপি।

২৪/০৯/২০২৪
(এস.এম.মোবাশ্বির হোসেন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(উচ্চমাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।
ফোন : ০২-৯৯৭৭১০৪৪৪
Email : deputycontrollermym@gmail.com